

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং- ১৫৩-আইন/২০১৩/২৪৪০/কাস্টমস।- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19(1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, অত্র বিভাগের ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ মোতাবেক ১০ জুন, ২০১০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং ১৭৮-আইন/২০১০/২২৯৬/শুল্ক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) অনুচ্ছেদ (খ) এর পর নিম্নরূপ নতুন অনুচ্ছেদ (গ) সন্নিবেশিত হইবে, যথাঃ-

“(গ) TABLE-3 এর কলাম (1) এ বর্ণিত H.S. Code এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত উপকরণকে, উহাদের উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক এবং মূল্য সংযোজন কর,”;

(খ) শর্ত (১) এ উল্লিখিত “TABLE-1 ও TABLE-2” শব্দগুলি, চিহ্ন ও সংখ্যাগুলির পরিবর্তে “TABLE-1, TABLE-2 ও TABLE-3” শব্দগুলি, চিহ্ন ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(গ) TABLE-2 এর কলাম (১) উল্লিখিত এন্ট্রি “2829.90.00” এর পরিবর্তে এন্ট্রি “2829.90.90” প্রতিস্থাপিত হইবে; এবং

- (ঘ) TABLE-2 এর পর নিম্নরূপ নতুন TABLE-3 সংযোজিত হইবে, যথাঃ-

**TABLE-3**

H. S. Code	Description
(1)	(2)
5502.00.10	Artificial filament tow
5503.20.00	Synthetic staple fibres, not carded, combed or otherwise processed for spinning of polyesters
5504.10.00	Artificial staple fibres, not carded, combed or otherwise processed for spinning of viscose rayon. ”।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ গোলাম হোসেন)

সচিব।